

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যিলহজ্জ মাসের প্রথম দশদিন বিভিন্ন প্রকার ইবাদতে সচেষ্ট থাকা মুস্তাহাব

ذِكْنُ اسْتِحْبَابِ الْإجْتِهَادِ فِي أَنْوَاعِ الطَّاعَاتِ فِي أَيَّامِ الْعَشْرِ مِنْ ذِي الْحِجَّةِ

আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ أَحْمَدَ بْنِ سِنَانٍ الْقَطَّانُ بِوَاسِطَ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ مُسْلِمٍ الْبَطِينِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ الْأَعْمَشُ عَنْ مُسْلِمٍ الْبَطِينِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ مِنْ هَذِهِ الْأَيَّامِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا مِنْ أَيَّامٍ الْعَمَلُ الصَالِحُ فِيهَا أَحَبُ إِلَى اللَّهِ مِنْ هَذِهِ الْأَيَّامِ الْعَشْرِ) قَالُوا: يَا رَسُولَ اللَّهِ وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ؟ قَالَ: (وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ عَلَى اللَّهِ وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ؟ قَالَ: (وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ إِلَّا رَجُعْ مِنْ ذلك بشيء.)

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 324 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩২৪. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "এমন কোন দিন নেই যাতে ইবাদত করা আল্লাহর নিকট অধিক প্রিয় এই দশ দিনের চেয়ে।" সাহাবীগণ বললেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আল্লাহর রাস্তায় জিহাদ করাও কি তার চেয়ে প্রিয় নয়?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "না, আল্লাহর রাস্তায় জিহাদ করাও তার চেয়ে বেশি প্রিয় নয়। তবে ঐ ব্যক্তি ব্যতিত যিনি নিজের জান-মাল নিয়ে জিহাদে বের হয়ে যান তারপর আর কোন কিছু নিয়েই ফিরে আসেন না।"[1]

ফুটনোট

[1] তিরমিয়ী: ৭৫৭; বাগাবী, শারহুস সুনাহ: ১১২৫; ইবনু মাজাহ: ১৭২৭; সুনানু বাইহাকী: ৪/২৮৪; মুসনাদ আত তায়ালিসী: : ২৬৩১; মুসনাদ আহমাদ: ১/৩৩৮; সহীহ আল বুখারী: ৯৬৯; দারেমী: ২/২৫; আবু দাউদ: ২৪৩৮;



ইবনু মাজাহ: ১৭২৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২২৬।

হাদীসটির সানাদের ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেন নি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২১০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন